গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন

এবং

সচিব, পরিকল্পনা বিভাগ (মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি)-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

# সূচিপত্র

কার্যক্রম বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

প্রস্তাবনা

সেকশন ১: কার্যক্রম বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: কার্যক্রম বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

# কার্যক্রম বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the Performance of the Programming Division)**

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

## সাম্প্রতিক অর্জন (বিগত ৩ (তিন) বছরের অর্জন)ঃ

সরকারের দীর্ঘ মেয়াদী ও মধ্যমেয়াদী পরিকল্পনা অনুযায়ী বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করা, জীবন যাত্রার মান উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ও ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যকে সামনে রেখে সরকারি বিনিয়োগের অন্যতম হাতিয়ার বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রণয়ন করা হয়েছে। পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন ও খাতভিত্তিক অগ্রাধিকার বিবেচনাপূর্বক সময়ানুগ বাস্তবায়ন নিশ্চিতকরার লক্ষ্যে বাস্তবভিত্তিতে প্রকল্প সংখ্যা নির্ধারণ করা হয়েছে। বেসরকারি উদ্যোগে এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ভিত্তিতে গৃহীত সম্ভাব্য গৃহীতব্য প্রকল্পের সহায়ক প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্প গ্রহণ ও বরাদ্দ প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হচ্ছে। মধ্যমেয়াদী বাজেট কাঠামো (MTBF) অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ব্যয় সীমার সাথে এডিপি বরাদ্দ প্রদানের ক্ষেত্রে সামঞ্জস্য রাখা হয়েছে। এডিপিতে ''বিশেষ প্রয়োজন উন্নয়ন সহায়তা'' শীর্ষক খাতে অর্থের সংস্থান করা হয়েছে। নতুন অনুমোদিত প্রকল্পের অনুকূলে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের 'থোক' হতে প্রয়োজনীয় অর্থের সংস্থান সম্ভব না হলে উক্ত খাত থেকে অর্থ বরাদ্দ দেয়ার ব্যবস্থা করা হয়েছে। সর্বোপরি উন্নয়ন খাতে সরকারি বিনিয়োগ ক্রমান্বয়ে বৃদ্ধির সাথে সাথে দক্ষতার সাথে অগ্রাধিকার নির্ধারণপূর্বক খাতভিত্তিক বরাদ্দ প্রদান ও এডিপি প্রণয়ন করা হয়েছে।

## সমস্যা ও চ্যালেঞ্জঃ

Interactive Database প্রতিষ্ঠা এবং এডিপি'র আকার বিবেচনায় কর্মদক্ষতা বৃদ্ধির সাথে সাথে আইটি জ্ঞান সম্পন্ন প্রয়োজনীয় জনবল ও প্রয়োজনীয় অফিস ইক্যুইপমেন্টসহ আনুষঙ্গিক Logistic Support বৃদ্ধি।

## ভবিষ্যৎ পরিকল্পনাঃ

সরকারি উন্নয়ন ব্যয় ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে খাত ভিত্তিক দীর্ঘ মেয়াদী কৌশল নির্ধারণ, উন্নয়ননীতি এবং সম্পদের বরাদ্দ ও ব্যবহারে সামঞ্জস্য বিধান। উন্নয়ন অধিকতর কার্যকর করার লক্ষ্যে প্রকল্প মূল্যায়ন, প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি গতিশীল এবং ব্যবহার উপযোগী করার জন্য ম্যানুয়াল প্রণয়ন।

## ২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

(ক) সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির চূড়ান্ত প্রকাশনা;
(খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচির চূড়ান্তকরণ;
(গ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির পর্যালোচনা;

# উপক্রমণিকা (Preamble)

পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের দায়িত্বে নিয়োজিত সদস্য

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পরিকল্পনা বিভাগ- এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের..১৬...তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল।

এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

প্রস্তাবনা

সেকশন ১:

# কার্যক্রম বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

## ১.১ রূপকল্প (Vision):

একটি উন্নত, আধুনিক ও সমৃদ্ধ দেশে উত্তরণের লক্ষ্যে টেকসই, সময়াবদ্ধ ও কার্যকর আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনা অনুসারে খাতভিত্তিক কর্ম কৌশল ও অগ্রাধিকার বিবেচনায় উন্নয়ন খাতে সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনা।

## ১.২ অভিলক্ষ্য (Mission):

সীমিত সরকারি সম্পদ ব্যবহারে পরিমিতি, দক্ষতা ও কার্যকারিতা নিশ্চিতকরণ।

## ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. খাত ভিত্তিক অগ্রাধিকার ও কর্মকৌশল নির্ধারণপূর্বক উন্নয়ন খাতে সরকারি বিনিয়োগ
২. উন্নয়ন বরাদ্দ ব্যবস্থাপনা
৩. উন্নয়ন প্রকল্প মূল্যায়নে সহায়তা প্রদান ও পরিবীক্ষণ

## ১.৪ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. দক্ষতার সংগে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৪. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

## ১.৫ কার্যাবলি (Functions):

১. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়ন;
২. সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন;
৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে নতুন প্রকল্প নির্বাচন ও প্রকল্পের অগ্রাধিকার নির্ধারণ;
৪. বার্ষিক উন্নয়ন কর্মসূচির আকার নির্ধারণ এবং খাতওয়ারী সম্পদ বন্টন;
৫. প্রয়োজনীয় ক্ষেত্রে এডিপি বরাদ্দ হতে অর্থ অবমুক্তিতে সম্মতি প্রদান;
৬. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন পর্যালোচনা;
৭. নতুন অনুমোদিত প্রকল্পের বরাদ্দ ও চলতি প্রকল্পের অনুকূলে প্রয়োজনীয় অতিরিক্ত বরাদ্দ প্রদান;
৮. প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দকৃত অর্থের পুনঃউপযোজন/ব্যয়খাত সংশোধন;
৯. "বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা" থোক থেকে অর্থ বরাদ্দ;
১০. স্থানীয় সরকার/পার্বত্য চট্টগ্রাম প্রতিষ্ঠান সমূহের/বিশেষ এলাকা উন্নয়নের জন্য থোক বরাদ্দ প্রদান;
১১. পিইসি. ডিপিইসি, এসপিইসি, ডিএসপিইসি, প্রকল্প স্টিয়ারিং কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটির সভায় যোগদান ও মতামত/পরামর্শ প্রদান;
১২. বিভিন্ন মন্ত্রণালয়ের মাসিক এডিপি পর্যালোচনা সভায় যোগদান;
১৩. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের Budget Management Committee (BMC) ও Budget Working Group (BWG) সভায় যোগদান;
১৪ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের MTBF ceiling নির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় মতামত প্রদান ও যোগদান;
১৫ আরএডিপি বরাদ্দের সর্বোচ সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে আরএডিপি বরাদ্দ পুনর্বিন্যাস; এবং
১৬. উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন।

সেকশন ২

## কার্যক্রম বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তিবছর ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | |
| জাতীয় উন্নয়ন পরিকল্পনা দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প গ্রহণ। | সামঞ্জস্যপূর্ণ প্রকল্পের হার | % | ৮৫% | ৮৬% | ৯০% | ৯২% | ৯৫% | - | পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের বার্ষিক প্রতিবেদন। |
| প্রকল্প অনুমোদনে গতিশীলতা বৃদ্ধি | গড় সময় হ্রাস | দিন | ৬৫ | ৬৫ | ৬০ | ৫৯ | ৫৮ | - | পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের বার্ষিক প্রতিবেদন। |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-১৬ Target /Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৬-১৭ | প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **কার্যক্রম বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১. খাত ভিত্তিক অগ্রাধিকার ও কর্মকৌশল নির্ধারণপূর্বক উন্নয়ন খাতে সরকারি বিনিয়োগ | ৫০ | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (RADP) প্রণয়ন ও হালনাগাদকরণ | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত। | তারিখ | ১৫ | ০৩-০৪-২০১৪ | ১০-০৩-২০১৫ | ০৯-০৩-২০১৬ | ১৫-০৩-২০১৬ | ২৫-০৩-২০১৬ | ৩১-০৩-২০১৬ | ০৫-০৪-২০১৬ | ০৮-০৩-২০১৭ | ০৭-০৩-২০১৮ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) প্রণয়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত | তারিখ | ৩০ | ২০-০৫-২০১৪ | ১৪-০৫-২০১৫ | ১৩-০৫-২০১৬ | ২০-০৫-২০১৬ | ২৫-০৫-২০১৬ | ৩০-০৫-২০১৬ | ০৫-০৬-২০১৬ | ১২-০৫-২০১৭ | ১১-০৫-২০১৮ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির পর্যালোচনা। | অনুষ্ঠিত সভা। | সংখ্যা | ৫ | ০১ | ০১ | ০২ | ০১ | - | - | - | ০২ | ০২ |
| ২. উন্নয়ন বরাদ্দ ব্যবস্থাপনা | ২০ | প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দকৃত অর্থের পুন: উপযোজন ও ব্যয়খাত সংযোজন। | প্রাপ্ত প্রস্তাবে শতকরা হার | % | ৫ | ১০০% | ১০০% | ৯৫% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | আরএডিপিতে বরাদ্দের পুনর্বিন্যাস | প্রাপ্ত প্রস্তাবে শতকরা হার | % | ৫ | ১০০% | ৯৬% | ৯০% | ৮৫% | ৮০% | ৭৫% | ৭০% | ৯৭% | ৯৭% |
| | | "বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা" থোক, স্থানীয় সরকার/পার্বত্য চট্টগ্রাম প্রতিষ্ঠান | বরাদ্দ প্রদানের শতকরা হার | % | ৫ | ১০০% | ১০০% | ১০০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ১০০% | ১০০% |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-১৬ Target /Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৬-১৭ | প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | সমূহের/বিশেষ এলাকা উন্নয়নের জন্য থোক বরাদ্দ প্রদান | | | | | | | | | | | | |
| | | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের (BMC) ও (BWG) এবং MTBF ceiling নির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় যোগদান ও মতামত প্রদান। | সভায় যোগদানে শতকরা হার | % | ৫ | ৯৬% | ৯৭% | ১০০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ৯৭% | ৯৮% |
| ৩. উন্নয়ন প্রকল্প মূল্যায়নে সহায়তা প্রদান ও পরিবীক্ষণ | ১৫ | বিভিন্ন মন্ত্রণালয়ের পিইসি. ডিপিইসি,এসপিইসি, ডিএসপিইসি, প্রকল্প স্টিয়ারিং কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং এডিপি পর্যালোচনা সভায় যোগদান; | সভায় যোগদান | সংখ্যা | ১০ | ৭০০ | ৭৫০ | ১২০০ | ১০০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ১২০০ | ১২০০ |
| | | উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন | প্রকল্প পরিদর্শন | সংখ্যা | ৫ | ৪০ | ৫০ | ৫০ এর অধিক | ৪৫ এর অধিক | ৪০ এর অধিক | ৩৫এর অধিক | ৩০ এর অধিক | ৫৫ | ৫৫ |

*সাময়িক (provisional) তথ্য

# আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৫-১৬ (Target Value -2015-16) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ১৯ অক্টোবর | ২২ অক্টোবর | ২৬ অক্টোবর | ২৯ অক্টোবর |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | - | - |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত পরিপত্র জারিকৃত | তারিখ | ১ | ২৮ এপ্রিল ২০১৬ | ৫ মে ২০১৬ | ১২ মে ২০১৬ | ১৯ মে ২০১৬ | ২৬ মে ২০১৬ |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | দপ্তর/সংস্থায় নৈতিকতা কমিটি গঠিত | তারিখ | ১ | ২৯ অক্টোবর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১ ডিসেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন | মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সংকলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| | | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ০১ নভেম্বর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহে সিটিজেন্স চার্টার প্রণয়ন | পরিবর্তিত ফরম্যাটে দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট নিয়োগকৃত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | নাগরিকের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | ২ | ১ |
| | | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি, সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন এর প্রধান হিসেবে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি তথা পরিকল্পনা বিভাগের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই সমঝোতা স্মারকে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পরিকল্পনা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনামন্ত্রীর প্রতিনিধি হিসাবে কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশনের সদস্য এর নিকট অঙ্গীকার করছি যে, এই সমঝোতা স্মারকে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট বিভাগকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৩.১০.২০১৫

তারিখ

.............................................
সদস্য
কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন

২৩.১০.২০১৫

তারিখ

.............................................
সচিব
পরিকল্পনা বিভাগ

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এনইসি | ন্যাশনাল ইকনমিক কাউন্সিল |
| ২ | ডিপিইসি | ডিপার্টমেন্টাল প্রজেক্ট ইভালুয়েশন কমিটি |
| ৩ | জিডিপি | গ্রোস ডোমেস্টিক প্রডাক্ট |
| ৪ | এমডিজি | মিলিনিয়াম ডেভেলপমেন্ট গোলস |
| ৫ | পিইসি | প্রজেক্ট ইভালুয়েশন কমিটি |
| ৬ | একনেক | এক্সিকিউটিভ কমিটি অব দি ন্যাশনাল ইকনমিক কাউন্সিল |
| ৭ | এডিপি | এ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৮ | আরএডিপি | রিভাইজড এ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৯ | বিএমসি | বাজেট ম্যানেজমেন্ট কমিটি |
| ১০ | বিডব্লিওজি | বাজেট ওয়ার্কিং গ্রুপ |